# Media Coverage Compilation

## Prof. Dr. Mohammad Shariful Islam

### Appointed as BUET Pro-Vice-Chancellor

22–25 July 2026

| Source | Published |
| --- | --- |
| The Daily Campus | 22 July 2026, 06:14 PM |
| Prothom Alo | 22 July 2026, 08:33 PM |
| Kalbela | 22 July 2026, 06:13 PM |
| Jugantor | 22 July 2026, 08:57 PM |
| BSS News | 22 July 2026, 08:34 PM |
| Campus Times | 22 July 2026, 05:48 PM |
| NewsNow24 | 23 July 2026, 09:53 AM |
| desh.tv | 25 July 2026 |
| Somoy TV | 22 July 2026 |

22 July 2026, 06:14 PM

# বুয়েটের নতুন উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম

thedailycampus.com



**বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির ৪র্থ উপ-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। আজ বুধবার (২২ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।**

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন। বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ) -এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

কুমিল্লার কোর্টবাড়ী এলাকায় জন্ম নেওয়া ড. শরীফুল ইসলাম ছাত্রজীবনেও কৃতিত্বের স্বাক্ষর রাখেন। ১৯৮৮ সালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা থেকে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায়

১২তম এবং ১৯৯০ সালে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ২য় স্থান অর্জন করেন।

গবেষণার ক্ষেত্রে তার বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়োইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তার উদ্ভাবিত ভেটিভার ভিত্তিক বায়োইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

অধ্যাপক ড. শরীফুল ইসলাম ১৯০টিরও বেশি গবেষণা প্রবন্ধ, বই এবং নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। তিনি The Vetiver Network International (TVNI), USA কর্তৃক ‘Standard Specification for Slope Stabilization Using Vetiver Grass’ গ্রন্থের রচয়িতা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে ‘Vetiver-based Bioengineering for Slope Stabilization’ গ্রন্থের প্রণেতা। এছাড়া দুর্যোগ-সহনশীল আবাসন বিষয়ে নকশা নির্দেশিকা ও একটি বইয়ের সহ-লেখক, যা পরবর্তীতে ইংরেজি ও ফরাসি ভাষায় প্রকাশিত হয়েছে।

গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ তিনি দেশি-বিদেশি মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস প্রদত্ত ড. এম. ইন্নাস আলী স্মৃতি স্বর্ণপদক (২০২৩), ড. রশিদ স্বর্ণপদক (১৯৯৯) এবং শরফুদ্দিন স্বর্ণপদক (১৯৯৯) উল্লেখযোগ্য।

এছাড়া টিভিএনআই অ্যাওয়ার্ড (২০১৫ ও ২০২৩), কিং অফ থাইল্যান্ড ভেটিভার অ্যাওয়ার্ড (২০১৫), ফোরাম-৮৬ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড (২০২০) এবং গ্লোবাল ভেটিভার চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড (২০২৩) অর্জন করেন। এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টিরও বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

22 July 2026, 08:33 PM

# বুয়েটের নতুন সহ-উপাচার্য অধ্যাপক শরীফুল ইসলাম

www.prothomalo.com



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সহ–উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক মুহাম্মদ শরীফুল ইসলাম। তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক। সহ–উপাচার্য পদে তিনি অধ্যাপক আবদুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে অধ্যাপক মুহাম্মদ শরীফুল ইসলামকে বুয়েটের সহ–উপাচার্য পদে নিয়োগের কথা জানানো হয়। বুয়েটের অধ্যাদেশ অনুযায়ী এই নিয়োগ দেওয়া হয়েছে। রাষ্ট্রপতি ও বুয়েটের চ্যান্সেলরের আদেশে এই নিয়োগের প্রজ্ঞাপনে স্বাক্ষর করেছেন শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী সচিব মো. সুলতান আহমেদ।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, সহ–উপাচার্য পদে নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার বছর অথবা অবসরের তারিখের মধ্যে যেটি আগে ঘটে, সেই সময় পর্যন্ত এই পদে বহাল থাকবেন অধ্যাপক মুহাম্মদ শরীফুল ইসলাম। সহ–উপাচার্য পদে তিনি বর্তমান পদের (অধ্যাপক) সমপরিমাণ বেতন–ভাতা পাবেন। বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন ও সার্বক্ষণিক ক্যাম্পাসে অবস্থান করবেন। বিশ্ববিদ্যালয়ের আইন ও সংবিধি দ্বারা নির্ধারিত ও উপাচার্য কর্তৃক দেওয়া ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন

করবেন। তবে চ্যান্সেলর ও রাষ্ট্রপতি প্রয়োজন মনে করলে যেকোনো সময় তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন।

অধ্যাপক মুহাম্মদ শরীফুল ইসলাম বুয়েটের চতুর্থ সহ–উপাচার্য। বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে পড়াশোনা শেষ করে ১৯৯৭ সালে একই বিভাগে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন তিনি। ২০০২ সালে জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন, পরে সেখান থেকে পোস্ট ডক্টরালও সম্পন্ন করেন।

অধ্যাপক শরীফুল ইসলাম ১৯০টির বেশি গবেষণা প্রবন্ধ, বই ও নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। গবেষণার ক্ষেত্রে তাঁর বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়ো ইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তাঁর উদ্ভাবিত ভেটিভারভিত্তিক বায়ো ইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে ব্যবহৃত হচ্ছে। গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতি হিসেবে তিনি দেশ-বিদেশ মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টির বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

২০১৩ সালে বুয়েটে পূর্ণ অধ্যাপক হন অধ্যাপক শরীফুল। বর্তমানে বুয়েটের পুরকৌশল বিভাগে অধ্যাপনার পাশাপাশি তিনি বিশ্ববিদ্যালয়টির রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের (রাইজ) পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

22 July 2026, 06:13 PM

# বুয়েটের নতুন প্রোভিসি হলেন ড. মুহাম্মদ শরীফুল ইসলাম | কালবেলা

www.kalbela.com



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির চতুর্থ উপ-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার।

বুধবার (২২ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। পরে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন। বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ)-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

কুমিল্লার কোর্টবাড়ী এলাকায় জন্ম নেওয়া ড. শরীফুল ইসলাম ছাত্রজীবনেও কৃতিত্বের স্বাক্ষর রাখেন। ১৯৮৮ সালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা থেকে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায়

১২তম এবং ১৯৯০ সালে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় দ্বিতীয় স্থান অর্জন করেন।

গবেষণার ক্ষেত্রে তার বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়োইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তার উদ্ভাবিত ভেটিভার-ভিত্তিক বায়োইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

অধ্যাপক ড. শরীফুল ইসলাম ১৯০টিরও বেশি গবেষণা প্রবন্ধ, বই এবং নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। তিনি The Vetiver Network International (TVNI), USA কর্তৃক ‘Standard Specification for Slope Stabilization Using Vetiver Grass’ গ্রন্থের রচয়িতা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে ‘Vetiver-based Bioengineering for Slope Stabilization’ গ্রন্থের প্রণেতা। এ ছাড়া দুর্যোগ-সহনশীল আবাসন বিষয়ে নকশা নির্দেশিকা ও একটি বইয়ের সহ-লেখক, যা পরবর্তীকালে ইংরেজি ও ফরাসি ভাষায় প্রকাশিত হয়েছে।

গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ তিনি দেশি-বিদেশি মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস প্রদত্ত ড. এম. ইন্নাস আলী স্মৃতি স্বর্ণপদক (২০২৩), ড. রশিদ স্বর্ণপদক (১৯৯৯) এবং শরফুদ্দিন স্বর্ণপদক (১৯৯৯) উল্লেখযোগ্য। এ ছাড়া টিভিএনআই অ্যাওয়ার্ড (২০১৫ ও ২০২৩), কিং অফ থাইল্যান্ড ভেটিভার অ্যাওয়ার্ড (২০১৫), ফোরাম-৮৬ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড (২০২০) এবং গ্লোবাল ভেটিভার চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড (২০২৩) অর্জন করেন।

এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টিরও বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

সংশ্লিষ্টদের প্রত্যাশা, নবনিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামের নেতৃত্বে বুয়েট শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রে আরও নতুন উচ্চতায় পৌঁছাবে।

22 July 2026, 08:57 PM

# বুয়েটের উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন অধ্যাপক শরীফুল ইসলাম

www.jugantor.com

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির ৪র্থ উপ-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার।

বুধবার (২২ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের  এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন।

বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ)-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

কুমিল্লার কোর্টবাড়ী এলাকায় জন্ম নেওয়া ড. শরীফুল ইসলাম ছাত্রজীবনেও কৃতিত্বের স্বাক্ষর রাখেন। ১৯৮৮ সালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা থেকে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ১২তম এবং ১৯৯০ সালে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ২য় স্থান অর্জন করেন।

গবেষণার ক্ষেত্রে তাঁর বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়োইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তাঁর উদ্ভাবিত ভেটিভার-ভিত্তিক বায়োইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

অধ্যাপক ড. শরীফুল ইসলাম ১৯০টিরও বেশি গবেষণা প্রবন্ধ, বই এবং নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। তিনি The Vetiver Network International (TVNI), USA কর্তৃক Standard Specification for Slope Stabilization Using Vetiver Grass" গ্রন্থের রচয়িতা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে "Vetiver-based Bioengineering for Slope Stabilization গ্রন্থের প্রণেতা। এছাড়া দুর্যোগ-সহনশীল আবাসন বিষয়ে নকশা নির্দেশিকা ও একটি বইয়ের সহ-লেখক, যা পরবর্তীতে ইংরেজি ও ফরাসি ভাষায় প্রকাশিত হয়েছে।

গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ তিনি দেশি-বিদেশি মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস প্রদত্ত ড. এম. ইন্নাস আলী স্মৃতি স্বর্ণপদক (২০২৩), ড. রশিদ স্বর্ণপদক (১৯৯৯) এবং শরফুদ্দিন স্বর্ণপদক (১৯৯৯) উল্লেখযোগ্য।

এছাড়া টিভিএনআই অ্যাওয়ার্ড (২০১৫ ও ২০২৩), কিং অফ থাইল্যান্ড ভেটিভার অ্যাওয়ার্ড (২০১৫), ফোরাম-৮৬ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড (২০২০) এবং গ্লোবাল ভেটিভার চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড (২০২৩) অর্জন করেন।

এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টিরও বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

BSS NEWS

Online portal of Bangladesh Sangbad Sangstha

22 July 2026, 08:34 PM

# Prof Dr Mohammad Shariful Islam appointed as BUET Pro-VC | News | Bangladesh Sangbad Sangstha (BSS)

www.bssnews.net

DHAKA, July 22, 2026 (BSS) - The government has appointed Professor Dr Mohammad Shariful Islam of the Bangladesh University of Engineering and Technology (BUET) as the fourth Pro-Vice Chancellor (VC) of the university.

The appointment was announced today in a notification issued by the Ministry of Education.

He will succeed the incumbent Pro-VC Prof Dr Abdul Hasib Chowdhury.

He obtained his BSc in Civil Engineering with distinction from the Department of Civil Engineering at BUET in 1997.

In the same year, he began his academic career as a lecturer at the university.

He was promoted through different academic ranks and became a professor in 2013 and is currently serving as a Professor in the Department of Civil Engineering at BUET.

He is also Director of the Research and Innovation Center for Science and Engineering (RISE).

For higher education, he studied at Saitama University in Japan. After earning his PhD from the university in 2002, he completed two years of postdoctoral research there.

CAMPUS TIMES

22 July 2026, 05:48 PM

CAMPUS TIMES

# বুয়েটের নতুন প্রো-ভিসি ড. শরীফুল

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ২২ জুলাই, ২০২৬ ১৭:৪৮



*ছবি: সংগৃহীত*

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির ৪র্থ উপ-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার।

শিক্ষা মন্ত্রণালয়ের ২২ জুলাইয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন। বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ) -এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

কুমিল্লার কোর্টবাড়ী এলাকায় জন্ম নেওয়া ড. শরীফুল ইসলাম ছাত্রজীবনেও কৃতিত্বের স্বাক্ষর রাখেন। ১৯৮৮ সালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা থেকে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ১২তম এবং ১৯৯০ সালে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ২য় স্থান অর্জন করেন।

গবেষণার ক্ষেত্রে তাঁর বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়োইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তাঁর উদ্ভাবিত ভেটিভার-ভিত্তিক বায়োইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

অধ্যাপক ড. শরীফুল ইসলাম ১৯০টিরও বেশি গবেষণা প্রবন্ধ, বই এবং নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। তিনি The Vetiver Network International (TVNI), USA কর্তৃক “Standard Specification for Slope Stabilization Using Vetiver Grass” গ্রন্থের রচয়িতা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে “Vetiver-based Bioengineering for Slope Stabilization” গ্রন্থের প্রণেতা। এছাড়া দুর্যোগ-সহনশীল আবাসন বিষয়ে নকশা নির্দেশিকা ও একটি বইয়ের সহ-লেখক, যা পরবর্তীতে ইংরেজি ও ফরাসি ভাষায় প্রকাশিত হয়েছে।

গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ তিনি দেশি-বিদেশি মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস প্রদত্ত ড. এম. ইন্নাস আলী স্মৃতি স্বর্ণপদক (২০২৩), ড. রশিদ স্বর্ণপদক (১৯৯৯) এবং শরফুদ্দিন স্বর্ণপদক (১৯৯৯) উল্লেখযোগ্য। এছাড়া টিভিএনআই অ্যাওয়ার্ড (২০১৫ ও ২০২৩), কিং অফ থাইল্যান্ড ভেটিভার অ্যাওয়ার্ড (২০১৫), ফোরাম-৮৬ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড (২০২০) এবং গ্লোবাল ভেটিভার চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড (২০২৩) অর্জন করেন। এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টিরও বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

সংশ্লিষ্টদের প্রত্যাশা, নবনিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামের নেতৃত্বে বুয়েট শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রে আরও নতুন উচ্চতায় পৌঁছাবে।

**বিষয় :**

বুয়েট

23 July 2026, 09:53 AM

# বুয়েটের নতুন উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম - NewsNow24

newsnow24.com



ছবি: সংগৃহীত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির চতুর্থ প্রো-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার।

বুধবার (২২ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়।

তিনি বর্তমান উপউপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সাথে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন।

Teaching & Classroom Resources

Travel Guides & Travelogues

পরে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন।

বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ)-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

নিউজনাউ/বিজে/২০২৬

25 July 2026

# বুয়েটের নতুন উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম

www.desh.tv



Academic Conferences & Publications

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন উপ-উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে নিয়োগ দিয়েছে সরকার। তিনি বিশ্ববিদ্যালয়টির চতুর্থ উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

বুধবার (২২ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হচ্ছেন।

অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে বিভিন্ন ধাপ অতিক্রম করে ২০১৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন। বর্তমানে তিনি বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ) -এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

Teaching & Classroom Resources
Health Foundations & Medical Research

উচ্চশিক্ষার জন্য তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। সেখান থেকে ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন।

কুমিল্লার কোর্টবাড়ী এলাকায় জন্ম নেওয়া ড. শরীফুল ইসলাম ১৯৮৮ সালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা থেকে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ১২তম এবং ১৯৯০ সালে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকায় ২য় স্থান অর্জন করেন।

গবেষণার ক্ষেত্রে তার বিশেষ আগ্রহের বিষয়গুলোর মধ্যে রয়েছে বায়োইঞ্জিনিয়ারিং, জলবায়ু-সহনশীল অবকাঠামো, দুর্যোগ-সহনশীল আবাসন, সবুজ নির্মাণসামগ্রী এবং নদীর বালু ও স্থানীয় বর্জ্য উপকরণ ব্যবহার করে আর্থ-ব্লক প্রযুক্তি। তার উদ্ভাবিত ভেটিভার-ভিত্তিক বায়োইঞ্জিনিয়ারিং প্রযুক্তি বাংলাদেশ ছাড়াও কম্বোডিয়া, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ প্রকল্পে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

অধ্যাপক ড. শরীফুল ইসলাম ১৯০টিরও বেশি গবেষণা প্রবন্ধ, বই এবং নকশা নির্দেশিকা প্রকাশ করেছেন। তিনি The Vetiver Network International (TVNI), USA কর্তৃক “Standard Specification for Slope Stabilization Using Vetiver Grass” গ্রন্থের রচয়িতা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে “Vetiver-based Bioengineering for Slope Stabilization” গ্রন্থের প্রণেতা। এছাড়া দুর্যোগ-সহনশীল আবাসন বিষয়ে নকশা নির্দেশিকা ও একটি বইয়ের সহ-লেখক, যা পরবর্তীতে ইংরেজি ও ফরাসি ভাষায় প্রকাশিত হয়েছে।

গবেষণা ও একাডেমিক উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ তিনি দেশি-বিদেশি মিলিয়ে ২৯টি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা অর্জন করেছেন। এর মধ্যে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস প্রদত্ত ড. এম. ইন্নাস আলী স্মৃতি স্বর্ণপদক (২০২৩), ড. রশিদ স্বর্ণপদক (১৯৯৯) এবং শরফুদ্দিন স্বর্ণপদক (১৯৯৯) উল্লেখযোগ্য। এছাড়া টিভিএনআই অ্যাওয়ার্ড (২০১৫ ও ২০২৩), কিং অফ থাইল্যান্ড ভেটিভার অ্যাওয়ার্ড (২০১৫), ফোরাম-৮৬ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড (২০২০) এবং গ্লোবাল ভেটিভার চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড (২০২৩) অর্জন করেন।

এ পর্যন্ত তিনি দেশি-বিদেশি ৯০টিরও বেশি এমএস ও পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

সংশ্লিষ্টদের প্রত্যাশা, নবনিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামের নেতৃত্বে বুয়েট শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রে আরও নতুন উচ্চতায় পৌঁছাবে।

/অ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলামকে বিশ্ববিদ্যালয়টির চতুর্থ উপ-উপাচার্য হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। তিনি বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন।

